



## প্রেস বিজ্ঞপ্তি

### কবি জীবনানন্দ দাশের জন্মবার্ষিকী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৭ ফেব্রুয়ারি ২০২৪খ্রিঃ

রূপসী বাংলার কবি জীবনানন্দ দাশের জন্মবার্ষিকী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টারের উদ্যোগে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অদ্য ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ মঙ্গলবার সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রূ.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৌমিত্র শেখর। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের ডিন মোহাম্মদ তানভীর কায়ছার। জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টারের পরিচালক সঞ্জয় কুমার সরকারের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইংরেজি বিভাগের অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, বাংলা বিভাগের চেয়ারম্যান উনুেষ রায়, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক শারমিন আক্তার এবং বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মোহসিনা হোসাইন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক, প্রভোস্টসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে পরিবেশিত হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা  
প্রশাসনিক কর্মকর্তা  
জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়